

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-১০

জুন ৩০, ২০০৯  
তারিখ:-----  
আষাঢ় ১৬, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**Schedule of Charges এর পূর্ণ তালিকা প্রদর্শন ও ওয়েবসাইটে প্রকাশ প্রসংগে**

অত্র বিভাগের সেপ্টেম্বর ৩০, ২০০৮ তারিখে জারীকৃত পত্রের ১০ ও ১১ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনানুযায়ী disclosure requirement পরিপালন ও গ্রাহকের সুবিধার্থে Schedule of Charges এর পূর্ণ তালিকা স্ব-স্ব ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখাসমূহের দর্শনীয় স্থানে প্রদর্শন এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন ব্যাংক/শাখা এ নির্দেশনা পরিপালন করছে না যা অভিপ্রেত নয়।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার যথাযথ বাস্তবায়ন ও পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে। প্রধান নির্বাহীর স্বাক্ষরযুক্ত এতদসংক্রান্ত পরিপালন প্রতিবেদন অত্র বিভাগে আগামী জুলাই ১৫, ২০০৯ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্যও পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৭১১৭৮২৫